গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০৬৩.১৮-৫০৮

তারিখ : ১১ শ্রাবণ ১৪২৫
২৬ জুলাই ২০১৮

বিষয় : "দেশের দক্ষিণাঞ্চলের (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ন উপজেলা / থানা সদর / স্থানে ৮০ টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন'' শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত্ব প্রস্তাবিত "দেশের দক্ষিণাঞ্চলের (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ন উপজেলা / থানা সদর / স্থানে ৮০ টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন'' শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ১৮/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সচিব, সুরক্ষা সেবা বিভাগ। সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৬/০৭/২০১৮
(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অতিরিক্ত সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
(৬) উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

(১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
(৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অফিস কপি।
(৫) মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "দেশের দক্ষিণাঞ্চলের ( ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা সদর/থানা সদর/স্থানে ৮০টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের অভ্যন্তরীণ যাচাই কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৮ জুলাই ২০১৮ খ্রি: |
| সময় | : | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী দেশের প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপনের উপর তিনি গুরুত্বারোপ করেন। তাছাড়াও সভাপতি বিভিন্ন শিল্পাঞ্চল, গ্রোথ এরিয়া, উপশহর, হাইওয়ে এবং ঘনবসতিপূর্ন এলাকায় ফায়ার স্টেশন স্থাপন করা প্রয়োজন মর্মে মতামত প্রদান করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান জানান যে, প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৯৬৪১৯.৭৮ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে নির্বাচিত ৮০টি এলাকায় এ শ্রেণীর ৩৮টি, বি শ্রেণীর ৩০টি, মর্ডার্ন (এ শ্রেণী) ল্যান্ড কাম রিভার ৩টি এবং বি শ্রেণীর ল্যান্ড কাম রিভার ৯টি, আধুনিক সাজ-সরঞ্জামে সমৃদ্ধ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন। প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপি'তে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে।

০৩। আলোচ্য বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, এ অধিদপ্তর বর্তমানে চালুকৃত ৩৪২টি স্টেশন এর মাধ্যমে সেবা প্রদান করছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কার্যক্রম দেশব্যাপী সম্প্রসারণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হচ্ছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতায় ফায়ার স্টেশন পুনর্গঠন ও সম্প্রসারণ দ্বারা সরকারের রাজনৈতিক অঙ্গীকার বাস্তবায়নের মাধ্যমে একটি নিরাপদ দেশ ও জাতি গঠন অত্যন্ত জরুরী। এ লক্ষ্যে বাস্তবায়নের জন্য "দেশের দক্ষিণাঞ্চলের (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, ও বরিশাল) ২৯টি জেলায় গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৮০টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

০৪। সভাপতির জিজ্ঞাসার জবাবে পরিচালক (পরিকল্পনা), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে জানান যে, ৮০টি ছাড়াও আনুমানিক আরো ১০/১২টি গ্যাপ এরিয়া এবং হাইওয়ের পার্শ্বে গুরুত্বপূর্ন স্থান রয়েছে যেগুলোতে ফায়ার স্টেশন স্থাপন করা প্রয়োজন। বিশেষ করে ইনানী, নিমতলি, সেন্টমার্টিন,রামু সেনানিবাস, নৌহাট রাজাপুর (টাঙ্গাইল) এ ফায়ার স্টেশন স্থাপন করা জরুরী। সুনির্দিষ্ট ভাবে গ্যাপ এরিয়া চিহ্নিত করে ফায়ার স্টেশনের সংখ্যা নির্ধারণ করাসহ প্রস্তাবিত সমুদয় স্টেশনের ভূমি অধিগ্রহণের কাজকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে প্রথম বছরে একযোগে শুরু করার নির্দেশনা প্রদান করা হয়।

০৫। আলোচনায় অংশ নিয়ে উপপ্রধান জানান যে, প্রকল্পের ভূমি অধিগ্রহণ বাবদ ৫৮৬.১২ কোটি টাকা ধরা হয়েছে, ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে মৌজা রেইট অনুযায়ী ব্যয় যৌক্তিকিকরণ করা প্রয়োজন। এছাড়া, তিনি প্রকল্পের উদ্দেশ্যে ও লক্ষ্যমাত্রাসমূহ আরো সুস্পষ্ট করে ডিপিপি'তে সংযোজন করা, প্রকল্পের ক্রয় পরিকল্পনায় প্যাকেজের সংখ্যা যৌক্তিকিকরণ করা, প্রকল্পের অধীনে নির্মিতব্য স্টেশন সমূহের প্রকারভেদ অনুসারে যন্ত্রপাতির সংখ্যা এবং ব্যয় ডিপিপি'তে সংযুক্ত করা, ভৌত অবকাঠামো নির্মাণে পিডাব্লিউডি'র ২০১৮ এর সিডিউল অনুসরণ করা, ডিপিপি'তে প্রদত্ত পুরাতন কোডের পরিবর্তে নতুন ইকনমিক এবং সাব-ইকনমিক কোড প্রদান করা, নির্মাণ শেষে স্টেশনগুলোকে চালু করার জন্য প্রয়েজনীয় জনবল নিয়োগ এবং স্টেশনগুলোর রক্ষণাবেক্ষণের বিষয়ে বিস্তারিত পরিকল্পনা ডিপিপি'তে সংযোজন করা, ডিপিপি'র লগফ্রেম আরো সংক্ষিপ্ত এবং পদ্ধতিগতভাবে নির্ভূল করা, প্রতিটি জেলার জন্য ১টি করে এ্যাম্বুলেন্স ক্রয়ের সংস্থান রাখা, ডিপিপি'তে এমটিবিএফ প্রত্যয়নপত্র সংযুক্ত করাসহ আলোচ্য

করার উপর গুরুত্ব আরোপ করেন। এ বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

০৬। উপপ্রধান সভায় আরো জানান মহান জাতীয় সংসদের অনুমিত হিসাব সম্পর্কিত কমিটির সভায় সকল হাইওয়ের পার্শ্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের সুপারিশ করা হয়েছে। তাই এ প্রকল্পের ঢাকা চট্টগ্রাম হাইওয়ের গুরুত্বপূর্ন পয়েন্টে ফায়ার সার্ভিস স্টেশন নির্মান করা যেতে পারে মর্মে তিনি মতামত প্রদান করেন। উক্ত স্টেশনসমূহে ওয়াটার টেন্ডার, এ্যাম্বুলেন্স এবং র‍্যাকার এর সংস্থান রাখা যেতে পারে।

০৭। কারাগারের অগ্নি দূঘটনা ও বন্দিদের নিরাপত্তার কথা চিন্তা করে নারায়নগঞ্জ জেলার ফতুল্লায় ১টি এবং ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরানীগঞ্জের সাথে ১টিসহ মোট ২টি ফায়ার স্টেশন নির্মাণ করার লক্ষ্যে কারাগার কর্তৃক জমি প্রদান করার জন্য সভায় সুপারিশ করা হয়।

০৮। <u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়</u> :

(৭.১) সুনির্দিষ্ট ভাবে গ্যাপ এরিয়া এবং হাইওয়ের পার্শ্বে গুরুত্বপূর্ণ জায়গা চিহ্নিত করে ফায়ার স্টেশনের সংখ্যা নির্ধারণ করা এবং সে মোতাবেক প্রকল্পের নাম পরিবর্তন করা;

(৭.২) ভূমি অধিগ্রহণের কাজকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে প্রকল্পের প্রথম বছরে একযোগে নির্ধারিত সমুদয় স্টেশনের ভূমি অধিগ্রহণের কাজ শুরু করা;

(৭.৩) ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে মৌজা রেইট অনুসারে ব্যয় যৌক্তিককরণ করা। মৌজা রেইট সংগ্রহ করার বিষয়ে প্রয়োজনে মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের সহযোগিতা নেয়া;

(৭.৪) প্রকল্পের সাইজ, প্রাক্কলিত ব্যয় এবং মন্ত্রণালয়ের বাজেট বাস্কেটের বিষয় বিবেচনা করে প্রকল্পের মেয়াদ ৩ বছরের পরিবর্তে ৫ বছর করা;

(৭.৫) প্রকল্পের উদ্দেশ্যে ও লক্ষ্যমাত্রাসমূহ সুস্পষ্টকরণ, ডিপিপি'র লগফ্রেম সংক্ষিপ্ত করা এবং পদ্ধতিগতভাবে সংশোধন করা;

(৭.৬) ডিপিপি'তে এমটিবিএফ প্রত্যয়নপত্র সংযুক্ত করা সহ ভৌত অবকাঠামো নির্মাণে পিডাব্লিউডি'র ২০১৮ এর সিডিউল অনুসরণ করা, ডিপিপি'তে প্রদত্ত পুরাতন কোডের পরিবর্তে নতুন ইকনমিক এবং সাব-ইকনমিক কোড প্রদান করা;

(৭.৭) নির্মাণ শেষে স্টেশনগুলোকে চালু করার জন্য প্রয়েজনীয় জনবল নিয়োগ এবং স্টেশনগুলোর রক্ষণাবেক্ষণের বিষয়ে বিস্তারিত পরিকল্পনা ডিপিপি'তে সংযোজন করা;

(৭.৮) প্রকল্পের ক্রয় পরিকল্পনায় প্যাকেজের সংখ্যা যৌক্তিকিকরণ করা, প্রকল্পের অধীনে নির্মিতব্য স্টেশন সমূহের প্রকারভেদ অনুসারে (এ,বি,মর্ডান) যন্ত্রপাতির সংখ্যা এবং ব্যয় আলাদাভাবে ডিপিপি'তে সংযুক্ত করা;

(৭.৯) প্রতিটি জেলার গুরুত্বপূর্ন ষ্টেশনের জন্য ১টি করে এ্যাম্বুলেন্স ক্রয়ের সংস্থান ডিপিপিতে রাখা;

(৭.১০) একজন উপ-প্রকল্প পরিচালক এবং একজন হিসাবরক্ষকের সংস্থান রাখাসহ ডিপিপি'তে জনবল কমিটির সুপারিশ সংযুক্ত করা এবং আগামী ৩০/০৭/২০১৮ ইং তারিখের মধ্যে জনবল নির্ধারণ কমিটির ছক পূরণসহ স্বয়ং সম্পূর্ন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা।

(৭.১১) কারাগারের ফায়ার সংক্রান্ত নিরাপত্তার কথা চিন্তা করে নারায়নঞ্জ জেলার ফতুল্লায় ১টি এবং ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরানীগঞ্জের সাথে ১টিসহ মোট ২টি ফায়ার স্টেশন নির্মাণ করার লক্ষ্যে কারা অধিদপ্তর কর্তৃক জমি প্রদানের জন্য প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা;

(৭.১২) ডিপিপি'র মুদ্রণ ও হিসাব জনিত ত্রুটি বিচ্যুতি এবং বানান সংশোধন করা এবং ফন্ট সাইজ বড় করা।

০৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
<u>পরিকল্পনা শাখা-১</u>

১৮ জুলাই ২০১৮ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "দেশের উত্তর অঞ্চলে (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগে) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৩২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ", "দেশের দক্ষিণ অঞ্চলে (ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগে) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৮০টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ" এবং "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ওয়ারলেস ও টেলিকমিউনিকেশন ব্যবস্থা আধুনিকায়ন ও সম্প্রাসরণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র ওপর যাচাই-বাছাই কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | ০১৭১৪০৫৫৮৭১ | yahoo.com |
| ২. | মো: আতাউল হক<br>প্রধান সমন্বয়ক | FSCD | 0172-007-0332 | |
| ৩. | মো: জহিরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) | SSD | 01729-097193 | |
| ৪. | মনিরুল আলম<br>অতি: সচিব (প্রশা: ও বাজেট) | SSD | 01711-854831 | |
| ৫. | এ.এস.এম. মুনায়েম উল্লাহ<br>সিনিয়র প্রকৌশলী | PWD | 01777910199 | |
| ৬. | বিশ্বজিৎ বড়ুয়া | DOA | 01772500800 | |
| ৭. | খন্দকার মুহাম্মদ আরিফ | FSCD | 01777770282 | |
| ৮. | অজিত কুমার দেবনাথ | FSCD | 05819276807 | |
| ৯. | Lt Col Zulfiker Rahman (Dir) | FSCD | 01713145070 | |
| ১০. | মোহাম্মদ মনিরুজ্জামান<br>সহকারী প্রধান | SSD | 01875001300 | Monir 18/07/18 |
| ১১. | জিবিন খানম<br>সি: সহ: প্রধান | শুপ্রেবি | 01716323188 | |
| ১২. | ব্রি: জেনা: আলী আহমেদ খান<br>DG. | FSCD | 01730002321 | |